REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

৫ম বর্ষ } রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩১এ বৈশাখ বুধবার ১৩২৬. ইংরাজী 14th May 1919. { ৪৪শ সংখ্যা।

### বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে।

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপনদাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


# কেশরঞ্জন তৈল




**কেশরঞ্জন নূতন নহে।**—এ নববঙ্গে, যখন দেশে কোন স্বদেশী সুগন্ধি কেশতৈলের প্রচলন ছিল না—কেশরঞ্জন তখন আবির্ভূত হইয়া, আজ পর্য্যন্ত অব্যাহতভাবে, সমগ্র ভারতবাসীর মনোরঞ্জন করিয়া আসিতেছে। নিত্য নিত্য নব নব বিজ্ঞাপন রঙ্গে রঞ্জিত নানা বিশিষ্ট কত কেশতৈল বাহির হইতেছে। কিন্তু "কেশরঞ্জনের" আদর প্রতিপত্তি ও সুযশ এখনও অক্ষুণ্ণ।

**কেশরঞ্জন সুগন্ধে বিশ্ববিজয়ী।**—ত্রিংশতি বৎসর পূর্ব্বে "কেশরঞ্জনের" উপাদানে যে সব কেশ-পুষ্টকর দ্রব্যের সমাবেশ ছিল, আজও সেই সবই আছে; বরং সময়ে সময়ে উন্নতি করিবার জন্য আরও নূতন নূতন উপাদান সংযোজিত হইয়াছে। ইহাতে দিন দিন "কেশরঞ্জনের" গুণ, যশঃ ও আদর বৃদ্ধি পাইতেছে।

**কেশরঞ্জন ভারতের গৃহে গৃহে।**—এখন নিজের শক্তিবলে মহাপরীক্ষায় উত্তীর্ণ হইয়া "কেশরঞ্জন" ভারতের গৃহে গৃহে বিরাজমান। কেবল ভারতে কেন—সুদূর ব্রহ্ম, সিংহল প্রভৃতি জনস্থানেও ইহার বহুল প্রচার।

**কেশরঞ্জনের প্রতিদ্বন্দ্বী নাই।**—কেন না, অনেকে অনুকরণে চেষ্টা করিয়াও সিদ্ধমনোরথ হইতে পারেন নাই।—কেন না, ভারত, ব্রহ্ম ও সিংহলের বড় বড় দিক্‌পাল, দেশাধিপতি, রাজা-মহারাজা হইতে সামান্য কুটীরবাসী পর্য্যন্ত কেশরঞ্জন ব্যবহার করেন। "কেশরঞ্জন" সুগন্ধে অননুকরণীয়,—গুণে অতুলনীয়। ইহা মস্তিষ্ক-রোগের আশু-প্রতিকারে মন্ত্রশক্তি সম্পন্ন।

এক শিশি ১৲ এক টাকা, মাশুলাদি ।৵০ সাত আনা, তিন শিশি ২।০ টাকা চারি আনা, মাশুলাদি ৸০ পোনের আনা। ডজন ৯৲ নয় টাকা, মাশুলাদি স্বতন্ত্র।

### দুইটী চিত্রের তুলনায় সমালোচনা।

**স্বাস্থ্যহীনতার চিত্র।**

মলিন মুখ, বিশীর্ণ দেহ, এক একখানি করিয়া যেন পঞ্জর দেখা দিতেছে। আহারে রুচি নাই, ক্ষুধা নাই, কাজে মন লাগে না, সর্ব্বদা মনের ভিতর দুশ্চিন্তা, রাত্রে নিদ্রা হয় না। শারীরিক ও মানসিক দৌর্ব্বল্য এত বেশী যে আধ্‌ক্রোশ পথ চলিলে খুব ক্লান্ত হইতে হয়। কিন্তু যদি আমাদের "অশ্বগন্ধারিষ্ট" কিছুদিন সেবন করেন—তাহা হইলে নবজীবন লাভ করিবেন।

**স্বাস্থ্যপূর্ণতার চিত্র।**

তখন দেখিবেন—আপনার শীর্ণ গণ্ডে লোহিতাভ সঞ্চার হইয়াছে। আহারে রুচি হইয়াছে। শারীরিক ও মানসিক শ্রম করিতে আর আপনি অপারক নন। সম্মুখে ইউনিভার্সিটি পরীক্ষা। নব উৎসাহে, নবজীবনে আপনি নিরন্তর খাটিতেছেন—একটুও ক্লান্তি নাই, অবসাদ নাই। এ জন্য জানিয়া রাখুন—সর্ব্ববিধ স্নায়বিক ও দৈহিক দুর্ব্বলতার জন্য আমাদের অশ্বগন্ধারিষ্ট সুপ্রসিদ্ধ মহৌষধ।

এক শিশির মূল্য ১৲ এক টাকা; মাশুলাদি ।৵০ এগার আনা।

গবর্ণমেণ্ট-মেডিক্যাল-ডিপ্লোমাপ্রাপ্ত,
**শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজের**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

**নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।**

১ মাত্রায় পরিচয়! এক দিবসে জ্বালাশূন্য!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জড় "গণোকোকাই" জড় নষ্ট না হইলে রোগ সারে না। হিলিংবাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য কেবল মাত্র ইহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। কিন্তু এই রোগ-রাক্ষসের সমুচিত ঔষধ "হিলিংবাম"। আর বাজে ঔষধ সেবন করিয়া শক্তি অর্থ ও সামর্থ্য নষ্ট করিবেন না। আমাদের ঔষধ ২৪ বৎসরের অধিক পুরাতন।

আজ কাল জাল ঔষধের "জেল" হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ছাড় পায় নাই। জাল হিলিংবাম ছাড়া অনেক "বাম" আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল অসার ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের জ্বালা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হওয়া, মূত্রনালী টন্‌ টন্‌ করা, রক্ত পূঁজ বা বুক খড়িগোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাপড়ে সাদা সাদা দাগ লাগা, মাথাধরা, মাথাঘোরা, অরুচি, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য হাত পা-গা টাটান, গাঁট কন্ কন্ করা, কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অল্প উত্তেজনায় এমন কি প্রস্রাবসহ বা কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি। হিলিংবাম যে কত শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা গুনিয়া শেষ করা যায় না। ধনী নির্ধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়াছেন। কিন্তু এ সকল বাদ দিলেও নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

### কেবল কয়েকজন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস, ) এম, এ, এম, ডি,—এফ, আর, সি, এস—পি, এস, ডি—এস, এস, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস, ) এম, ডি, সি, এম; (৩) মেজর এস, পি, সিংহ, (আই, এম, এস, ) এম, আর, সি, পি এস, আর, সি, এস; (৪) ডাঃ এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এস, পুরব এম, ডি; (৭) আর মনিয়ার এম, বি, সি, এম; (৮) ডাঃ টি, ইউ, আমেদ এম, বি, সি, এম, এল, এস, এ; (৯) ডাঃ এ, ফারুমী, এল, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ ডি, পি, বেজবড়ুয়া; এল, আর, সি, পি, এল, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, সি, পি, এণ্ড এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২।০; ছোট শিশি ১৷০; ভিঃ পিঃতে প্যাকিং ডাক খরচাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুফ্যাকচারিং—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

...প্রাচীন মনীষিগণের বহু সাধনের ফলে ...মহার্ণবের বেলা ভূমিতে :যে বিশ্ববিজয়ী সৌ... নির্ম্মিত হইয়াছে তাহার বোধ হয় কখনও পরিবর্ত্তন হইবে না। নানারূপ রাষ্ট্র বিপ্লবে ভারতবর্ষ ধ্বস্ত বিধ্বস্ত হইলেও আমাদের বঙ্গ ভারতী বেদাদি রত্নহারে সুসজ্জিত হইয়া যেন একই ভাবে দণ্ডায়মানা রহিয়াছেন।

৪। তাহা হইলেই বোধ হয় বুঝিতে পারা যায় যে শিক্ষণীয় বিষয়ের প্রাচুর্য্যই ভাষার আদরের প্রধান কারণ। আমাদের বাঙ্গালা ভাষা উপরোক্ত কারণ অভাবে আদৃত না হইলেও অন্ততঃ বিশ্ব-সাহিত্যের একটী অংশরূপে স্থান পাইতে পারে। বাঙ্গালী দুর্ভাগা জাতি, বাঙ্গালী অদৃষ্টবাদী কিন্তু পৌরুষবিহীন নহে। যে বাঙ্গালীকে উল্লেখ করিয়া একদিন মেকলে সাহেব বলিয়াছিলেন "Chicanery, perjury and forgery are the weapons, offensive and defensive of the people inhabiting the lower Ganges" (চাতুরী মিথ্যাসাক্ষ্যপ্রদান এবং জালিয়তী গঙ্গাতীরবর্ত্তী অধিবাসিগণের আক্রমণোপযোগী ও রক্ষণোপযোগী অস্ত্র স্বরূপ) আজ বাঙ্গালীর আর সে দিন নাই। যাঁহাদিগের ঢক্কায় একদিন বাঙ্গালীর ভীরুত্ব নিনাদিত হইত আজ তাঁহাদিগেরই জয়োদ্ধ্বনিতে বাঙ্গালীর বীরত্ব অম্বর চুম্বন করিতেছে। "সুজলা সুফলা ...মলা" বঙ্গের ক্ষীর ধারায় এমনি একটী ...ী শক্তি আছে যাহাতে বঙ্গে কখনও ...ভাব হয় না। বাঙ্গালীকে যে অবস্থায় ফেলিয়া দাও না কেন বাঙ্গালী হৃদয়ে কখনও নৈরাশ্য আসেনা। বাঙ্গালার মাটী সততই উর্ব্বর, সর্ব্বত্রই নদীমাতৃক, কচিৎ দেবমাতৃক; কোনও স্থানে বা অল্প সেচনের প্রয়োজন হয় কোথাও বা মোটেই দরকার হয় না, কিন্তু সুফল সর্ব্বত্রই এবং সর্ব্বদা সুনিশ্চিত। কপোতাক্ষীর মধুসূদন, কৃষ্ণ নগরের ভারতচন্দ্র, ...লের টেকচাঁদ, খানকুলের রামমোহন পিলুর দাশরথী, বীরসিংহের ঈশ্বরচন্দ্র প্রভৃতি সমস্তই সেই ছায়াশ্যামল পল্লীবাটের সুস্বাদু ফল। অভাব কিছুরই নাই। কালোহ্যয়ং নিরবধিঃ বিপুলা চ পৃথ্বী (কাল অনন্ত পৃথিবী বিশাল) ধীরে ধীরে অক্ষয় বট মূলের ছায়াতে আমার মাতৃভাষাকে লইয়া গিয়া এরূপভাবে পূজা করিব এরূপে তাঁহার পূর্ণাঙ্গতা সম্পাদন করিব যাহাতে অন্য দশজনের মা আমার মাকে মা বলিয়া ধন্য মনে করেন এইরূপ সংকল্পরূপ গঙ্গাজলে মনকে পূত করিয়া এবং পরস্পর ...বিসম্বাদ ভুলিয়া গিয়া যে যাহা পাইব তাহা সাধ্যমত মাতৃভাষাতে যথাযথভাবে প্রকাশ করিতে চেষ্টা করিব এইরূপ সদ্ভাব চন্দনে মনঃপ্রাণ চর্চ্চিত করিয়া যজ্ঞ মন্দিরে সাধকের ন্যায় যোগীর ন্যায় কর্ত্তব্যে ব্রতী হউন দেখিবেন আশালতিকা মুঞ্জরিত হইয়া মনপ্রাণ মুগ্ধ করিবে, শিক্ষা সার্থক হইবে।

ক্রমশঃ।

---

INDIA ACT V of 1919.

## ভারতবর্ষের গভর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

ভারতীয় ব্যবস্থাপক সভার নিম্নলিখিত আইনটী ১৯১৯ সালের ১৯এ মার্চ্চ তারিখে শ্রীযুত গবর্ণর-জেনরল সাহেবের সম্মতিলাভ করায়, সাধারণের অবগতির জন্য এতদ্দ্বারা প্রচারিত হইল :—

১৯১৯ সালের ৫ আইন।

বর্ত্তমান যুদ্ধের সমাপ্তির তারিখ নির্ণয় করিবার এবং তৎসংক্রান্ত উদ্দেশ্যগুলির সম্বন্ধে ব্যবস্থা করিবার আইন।

যেহেতু বর্ত্তমান যুদ্ধের সমাপ্তির তারিখ নির্ণয় করা এবং তৎসংক্রান্ত উদ্দেশ্যগুলির সম্বন্ধে ব্যবস্থা করা বিহিত; অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা হয়ল :—

সংক্ষিপ্ত নাম।

১। এই আইনটী বর্ত্তমান যুদ্ধের সমাপ্তি (অর্থনির্দ্দেশ) বিষয়ক ১৯১৯ সালের আইন নামে অভিহিত হইতে পারিবে।

সকাউন্সিল মহামহিম সম্রাট বাহাদুর যেরূপ ঘোষণা করিবেন বর্ত্তমান যুদ্ধের সমাপ্তির তারিখ তাহাই হইবে।

২। কোন আইনের কিম্বা তদনুসারে প্রচারিত বা প্রণীত কোন বিজ্ঞাপনের বা বিধির কোন বিধানের উদ্দেশ্যে, এবং পূর্ব্বাপর বাক্যাবলীতে অন্য রকমের আদেশ না থাকিলে কোন চুক্তি পত্র, দলিল বা অপর নিদর্শন পত্রের যে কোন বিধানে, স্পষ্টতঃ বা ভাবগতিকে, ও যে কোনরূপ শব্দযোজনা দ্বারা, বর্ত্তমান যুদ্ধের বা বর্ত্তমান বিরোধের সম্বন্ধে উল্লেখ থাকে, সেই বিধানের উদ্দেশ্যে,—

(১) সকাউন্সিল মহামহিম সম্রাট বাহাদুর, বর্ত্তমান যুদ্ধের সমাপ্তি (অর্থনির্দ্দেশ) বিষয়ক ১৯১৮ সালের আইনের বিধান অনুসারে তৎপক্ষে যে তারিখের ঘোষণা করেন, বর্ত্তমান যুদ্ধ সেই তারিখে পর্য্যন্ত চলিয়াছে এবং সেই তারিখ শেষ হইয়াছে বলিয়া বিবেচনা করিতে হইবে; এবং

(২) উক্ত আইনের ১ ধারার (৩) প্রকরণ মতে ঐরূপে যে তারিখের ঘোষণা করা হয়, কোন বিশেষ রাজ্যের সহিত মহামহিম সম্রাট বাহাদুরের যুদ্ধের সমাপ্তির তারিখ সেই তারিখ হইবে।

এচ, এম, স্মিথ।

ভারতবর্ষের গভর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

---


## পাকা বাটী বিক্রয় বা ভাড়া।

ধুলিয়ান ষ্টেশনের অতি নিকটে একটী পাকা বাটী ভাড়া দেওয়া বা বিক্রয় করা যাইবে। বাড়ীটী ব্যবসাদারদের পক্ষে গুদামের উপযুক্ত। শ্রীপরেশনাথ সাহা। সাং লালপুর, পোঃ ধুলিয়ান।

---

## জবাকুসুম তৈল

গুণেঅদ্বিতীয় গন্ধে অতুলনীয়।

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।

৩ শিশি ২।০ ভিঃ পিতে ২॥৶০

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নবিকার প্রভৃতি উপসর্গ ত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৶০

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাতে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১।৶

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিস্কৃতি পাইবার জন দেশ দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৶০

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড।

ব্যবস্থাপক ও চিকিৎসক—

শ্রীউপেনাথ সেন কবিরাজ

২৯ নং কলটোলা ষ্ট্রীট, কলিকাতা।

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যৎ পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১;
চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক। ১৫০ পৃষ্ঠার পুস্তক।

আবেদন করুন। কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী। আতঙ্ক নিগ্রহ ঔষধালয় ২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে।

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## অতি সস্তার

কুহকে মজিয়া স্বাস্থ্য ও অর্থ নষ্ট করিবার পূর্ব্বে আমাদের বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় ঔষধ ব্যবহার করুন। শ্বাস কাসের মহৌষধ চ্যবনপ্রাশ /১ সের ৬৲ সাধারণ মকরধ্বজ ১ ভরি ৮৲ হিন্দুলোত্থ পারদযোগে প্রস্তুত মকরধ্বজ ১ ভরি ১৬৲ ধাতুদৌর্ব্বল্য অগ্নিমান্দ্য ও সূতিকায় "জীবনীয় রসায়ন" ইহা অল্পমেধ ছাত্র, প্রসূতি ও দুর্ব্বলের একমাত্র সহায়। মূল্য ২০ মাত্রা ১ শিশি ১৲ হাঁপানীর "বাসারিষ্ট ও কনকাসব" ১ মাত্রা সেবনেই হাঁপ কষ্ট কমিবে। মূল্য ১ শিশি ৸০ ও ॥০ আনা। প্রদরের অশোকারিষ্ট, ক্ষয় ও কাসের দ্রাক্ষারিষ্ট, বাতরক্ত, কুষ্ঠ, উপদংশ ও সকলপ্রকার রক্ত দুষ্টের অনন্তারিষ্ট ১ বোতল ১॥০ প্রমেহের চন্দনারিষ্ট ও চন্দনাদি চূর্ণ ১ দিনেই জ্বালা যন্ত্রণা ও পূয নির্গমন কমিবে। একত্রে ১৪ দিন সেবনোপযোগী ২৲ অগ্নিমান্দ্যে ভাস্কর লবণ ।০ ছটাক ॥৵০ অগ্নিমান্দ্যে গঙ্গাধরী পাচক ১ কৌটা ১৫ বটী ।০ ইহা অগ্নিবর্দ্ধক অরুচি নাশক। কোষ্ঠ বদ্ধে গঙ্গাধরী রেচক বা দ্রাক্ষাদি ১ কৌটা ৯ বটী ।৵০ ইহাতে আমবাত, কোমরের ব্যথা, পুরাতন জ্বর, গুল্ম ও শূল প্রভৃতি আরোগ্য হয়। রাত্রে শয়নের পূর্ব্বে সেবনে সকালে কোষ্ঠ শুদ্ধ হয়। দন্ত মঞ্জন ১ কৌটা ৵০। দাদের মলম ১ কৌটা ।০ আনা। অন্যান্য ঔষধ ও জারিত ধাতু দ্রব্য সুবিধা হয়। পরীক্ষা প্রার্থনীয়। পাইকার ও ছাত্রদিগকে সুবিধায় দেওয়া হয়।

সুপ্রসিদ্ধ কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের ভাগিনেয় ও ছাত্র আয়ুর্ব্বেদীয় পরীক্ষায় সর্ব্বোচ্চ পদকপ্রাপ্ত
**কবিরাজ শ্রীবিভূতিভূষণ গুপ্ত কবিরঞ্জন, গয়া।**

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে।
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ)

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৴০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারদদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, বহুকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ।

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটিবাজার, কলিকাতা।

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের
## সুদর্শন সার!
(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার গ্রহণ করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৶০ দশ আনা।

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ।